

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৮.১৭- ২৫৩

তারিখ :- ০৮.০৫.২০১৮ খ্রিঃ।

বিষয়:- মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১১৯৮৬/২০১৭ মামলায় ২১-০৮-২০১৭ খ্রিঃ তারিখে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী মুহাঃ শহীদুল ইসলাম, প্রভাষক(আরবী), কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা, শিবগঞ্জ, বগুড়া এর সহকারি অধ্যাপক পদে পদোন্নতির নিমিত্ত জ্যেষ্ঠতা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র:- (১) মুহাঃ শহীদুল ইসলাম, প্রভাষক(আরবী) এর ২৯-০৮-২০১৭ খ্রিঃ তারিখের আবেদন।

(২) রিট পিটিশন নং-১১৯৮৬/২০১৭ মামলার রুলিং।

(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৮.১৭-৯৫, তারিখঃ ২৯-০৩-২০১৮ খ্রিঃ।

(৪) অধ্যক্ষ, কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা এর ২২/০৪/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মুহাঃ শহীদুল ইসলাম, প্রভাষক(আরবী), কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা, শিবগঞ্জ, বগুড়া কর্তৃক সহকারী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে মাননীয় হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করা হয়, যার নং-১১৯৮৬/২০১৭।

০২। বর্ণিত রিট পিটিশন মামলায় ২১-০৮-২০১৭ খ্রিঃ তারিখে প্রদত্ত রায় নিম্নরূপঃ

" We are not inclined to issue any Rule in this matter at this stage. Rather considering the application and the submissions of the learned Advocate for the applicant we direct the respondent No. 3, Director General, Directorate of Secondary and Higher Education, Dhaka to disposing of the application dated 12-05-2014 within 2(two) weeks on receipt of this order without any fail."

০৩। সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ১১৯৮৬/২০১৭ মামলায় ২১/০৮/২০১৭ তারিখে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী, মুহাঃ শহীদুল ইসলাম, প্রভাষক(আরবী), কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা, শিবগঞ্জ, বগুড়া এর সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট কাগজ পত্র চেয়ে বর্ণিত মাদরাসার অধ্যক্ষের নিকট পত্র প্রেরণ করা হয়েছিল।

০৪। সূত্রে বর্ণিত ০৪ স্মারকের মাধ্যমে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক প্রেরিত কাগজ পত্র পর্যালোচনায় নিম্নরূপ তথ্য পাওয়া যায় :

ক্রমিক নং	প্রভাষকের নাম ও ইনডেক্স নং	জন্ম তারিখ	প্রভাষক পদে যোগদানের তারিখ	এমপিও ভুক্তি তারিখ
১	২	৩	৪	৫
০১	মুহাঃ শহীদুল ইসলাম প্রভাষক(আরবী), ইনডেক্স নং-৩৯০১৪৪	১৬/০৪/১৯৭০ খ্রিঃ	১৫/০১/১৯৯৬ খ্রিঃ	০১/০৫/২০০১ খ্রিঃ
০২	মুহাঃআহসান হাবীব, ইনডেক্স নং-৩৯০১৪৩	০১/০১/১৯৭২ খ্রিঃ	১৫/০১/১৯৯৬ খ্রিঃ	০১/০৫/২০০১ খ্রিঃ
০৩	এ এ এম শামছুর রহমান ইনডেক্স নং-০৯৯৪০৮	০১/০৩/১৯৫৯ খ্রিঃ	১৫/০১/১৯৯৬ খ্রিঃ	০১/০৩/২০০২ খ্রিঃ

০৫। ০৪/০২/২০১০খ্রিঃ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত জনবল কাঠামো যা ২৪/০৩/২০১৩ খ্রিঃ তারিখে সংশোধিত এর ১৩ অনুচ্ছেদে জ্যেষ্ঠতা নির্ধারণ বিষয়ে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছেঃ

" শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাঁদের প্রথম এমপিও ভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিও ভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদান ও একই তারিখে হলে তাঁদের জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।"

০৬। বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র এবং উপরের অনুচ্ছেদে বর্ণিত জ্যেষ্ঠতা বিধি অনুযায়ী কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা, শিবগঞ্জ, বগুড়ায় কর্মরত প্রভাষকগণের মধ্যে মুহাঃ শহীদুল ইসলাম, প্রভাষক(আরবী) ইনডেক্স নং ৩৯০১৪৪ জ্যেষ্ঠ প্রভাষক বলে বিবেচিত।

০৭। এমতাবস্থায়, উপরোল্লিখিত বর্ণনার আলোকে কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসায় কর্মরত প্রভাষক (আরবি) জনাব মুহাঃ শহীদুল ইসলাম জ্যেষ্ঠ প্রভাষক বিবেচিত হওয়ায় তাঁকে (মুহাঃ শহীদুল ইসলাম) সহকারি অধ্যাপক পদে স্কেল প্রদান বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা

ডাকঘরঃ ভাইয়ের পুকুর, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

২। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

৪। সভাপতি, গভর্নিং বডি, কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা, ডাকঘরঃ ভাইয়ের পুকুর, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

৫। জনাব মুহাঃ শহীদুল ইসলাম, প্রভাষক (আরবি), কুড়াহার ইসলামিয়া আলিম মাদরাসা, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

৬। অফিস কপি।